

২০২৫ বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-101

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব]
[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- ক) চর্যাপদ গ্রন্থটি কত সালে, কী নামে মুদ্রিত আকারে প্রকাশিত হয়েছিল?
- খ) 'কবিরঞ্জন' কার উপাধি? তাঁকে কে এই উপাধি প্রদান করেছিলেন?
- গ) কবি বিদ্যাপতির শ্রেষ্ঠত্ব কোন পর্যায়ের পদে প্রকাশিত হয়েছে? ঐ পর্যায়ের একটি পদের প্রথম ছত্র লেখো।
- ঘ) রায়গুণাকর ভারতচন্দ্রের মৃত্যুর মাধ্যমে বাংলা সাহিত্যের ইতিহাসে কি গুরুত্ব সূচিত হয়? তিনি কোন রাজসভার কবি ছিলেন?
- ঙ) বাংলা রামায়ণের আদি কবি কে? তাঁর কাব্যের নাম কী?

[পরের পাতায়]

- চ) মোট কতগুলি চৈতন্য জীবনীসাহিত্য রচিত হয়েছিল? তার মধ্যে দুটি বাংলা চৈতন্য জীবনীসাহিত্যের নাম লেখো।
- ছ) উদাহরণ-সহ অভিশ্রুতির সংজ্ঞা লেখো।
- জ) অর্থের সংকোচ বলতে কী বোঝ? দুটি উদাহরণ দাও।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) পদকর্তা গোবিন্দদাসের কবিপ্রতিভার স্বতন্ত্র চিহ্নিত করো।
- খ) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল' কাব্যটির নাম কী? সংক্ষেপে কাব্যটির বৈশিষ্ট্যগুলি লেখো।
- গ) শান্তপদ রচনায় রামপ্রসাদ সেনের কবি কৃতিত্ব সংক্ষেপে তুলে ধরো।
- ঘ) সংজ্ঞাসহ ভাষার পাঁচটি বৈশিষ্ট্য লেখো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে মোট কতগুলি খণ্ড আছে? শেষ খণ্ডটির নাম কী? বাঙালি জীবনে ও সাহিত্যের ইতিহাসে এই কাব্যটির গুরুত্ব আলোচনা করো।
- খ) কাশীরাম দাস কোন সময়ের কবি? মহাভারতের অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।
- গ) রায়গুণাকর ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা কতটা যুক্তিসঙ্গত বলে তুমি মনে করো?
- ঘ) উচ্চারণ প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ করে বিভিন্ন ভাগের উদাহরণসহ আলোচনা করো।